



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোদি/পনি/পরীঃ/এসএসসি/২০২০/৩২৫৩(৩৫০০)

তারিখ : ০৮/০১/২০২০

বিষয় : ২০২০ সালের এসএসসি পরীক্ষার পরীক্ষক DBTP-তে Online এ নিবন্ধন ও হালনাগাদ প্রসঙ্গে।

উর্পর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের এসএসসি পরীক্ষার পরীক্ষক ও প্রধান পরীক্ষক নির্বাচনের জন্য সংশ্লিষ্ট শিক্ষকদের তথ্য Online রেজিস্ট্রেশন এবং শুধুমাত্র যাদের হালনাগাদ করা প্রয়োজন, এ লক্ষ্যে শিক্ষা বোর্ডের নিজস্ব Website : www.dinajpurboard.gov.bd Visit করতঃ DBTP (Dinajpur Board Teacher's Profile) Option ব্যবহার করে সংশ্লিষ্ট শিক্ষককে অদ্য ০৮/০১/২০২০ তারিখ হতে ৩০/০১/২০২০ তারিখের মধ্যে Online এ সঠিকভাবে তথ্য প্রদান পূর্বক নিবন্ধন/হালনাগাদ করতে হবে। ইতোপূর্বে যারা DBTP-তে নিবন্ধন করেনি শুধুমাত্র তাঁদেরকে নতুনভাবে নিবন্ধন (Registration) সম্পন্ন করতে হবে। গত বছর যাদের পরীক্ষক নিযুক্ত করা হয়েছে তাদের নাম শিক্ষা বোর্ডের সফটওয়্যার DBTP-তে সংরক্ষিত আছে। কিন্তু যারা নিবন্ধন করেছিল কিন্তু পরীক্ষক নিযুক্ত হননি তাদেরও নাম সফটওয়্যার DBTP-তে সংরক্ষিত আছে। তবে সফটওয়্যারে তাদের নাম আছে কি-না তা যাচাই করার জন্য নিজ প্রোফাইল লগইন করে অথবা প্রধান শিক্ষকের প্রোফাইল লগইন করে টিচার্স লিস্ট দেখে নিশ্চিত হতে পারবেন।

Online এ তথ্য প্রদানের ক্ষেত্রে নিম্নে বর্ণিত নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে :

- ০১। যে সকল সম্মানিত শিক্ষক ইতোমধ্যে অবসরে গিয়েছেন এবং যারা আগামী ০১/০২/২০২০ তারিখের পূর্বে অবসরে যাবেন তাঁদের পরীক্ষক/প্রধান পরীক্ষক হওয়ার জন্য DBTP-তে আবেদন করার প্রয়োজন নেই।
- ০২। স্কুল এন্ড কলেজ-এর ক্ষেত্রে কলেজ পর্যায়ে পাঠদানকারী কোন শিক্ষক মাধ্যমিক পর্যায়ে পরীক্ষক/প্রধান পরীক্ষক হওয়ার জন্য আবেদন করতে পারবেন না। উক্ত ক্ষেত্রে ভারপ্রাপ্ত অধ্যক্ষগণ মাধ্যমিক পর্যায়ের আবেদনের ক্ষেত্রে প্রধান শিক্ষক হিসেবে এবং কলেজ পর্যায়ের আবেদনের ক্ষেত্রে অধ্যক্ষ হিসেবে Profile খুলবেন কিন্তু কলেজ পর্যায়ের উত্তরগ্রহণ করবেন না।
- ০৩। নতুন করে নিবন্ধনের ক্ষেত্রে আবেদনকারী যে পাসওয়ার্ড নিজে তৈরি করে ব্যবহার করবেন উক্ত পাসওয়ার্ড যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। কেননা পরবর্তীতে সবসময়ই উক্ত পাসওয়ার্ডটি প্রয়োজন হবে।
- ০৪। যে সকল শিক্ষক এখনও এমপিওভুক্ত হননি তাঁদের পরীক্ষক হওয়ার জন্য আবেদন করার প্রয়োজন নেই।
- ০৫। সংস্থা পরিচালিত (বিশেষায়িত) শিক্ষা প্রতিষ্ঠানের যে সকল শিক্ষক সংস্থার নিকট থেকেই বেতন-ভাতাদি গ্রহণ করেন সে সকল প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ে পাঠদানকারী শিক্ষকগণ নিবন্ধন হালনাগাদকরণ কিংবা নতুন করে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন।
- ০৬। Online এ রেজিস্ট্রেশনের সময় স্টেপ বাই স্টেপ অগ্রসর হতে হবে। তথ্য প্রদান করতে কিংবা Registration করতে সমস্যা হলে Email করুন dboardhelp@gmail.com-এই ঠিকানায়।
- ০৭। পুরাতন রেজিস্ট্রেশনধারী শিক্ষকগণ তথ্য হালনাগাদ (যেমন- পদবি, প্রতিষ্ঠান, ১৩ ডিজিটের সোনালী ব্যাংক হিসাব নং, ব্যাংকের শাখা, ৯ ডিজিটের ব্যাংকের রাউটিং নং) প্রধান শিক্ষকের অনুমতি নিয়ে তাঁর (প্রধান শিক্ষকের) প্রোফাইলে লগইন করে টিচার্স লিস্ট-এ আপনার নামের পার্শ্বে **Edit Option** ব্যবহার করে তথ্য হালনাগাদ করে নিতে পারবেন।
- ০৮। প্রধান শিক্ষকগণ তাঁর প্রোফাইলে লগইন করে টিচার্স লিস্ট দেখে শিক্ষকদের তালিকা হালনাগাদ যেমন- অবসরপ্রাপ্ত, বদলী, চাকরিচ্যুত, ইস্তফাকৃত, নন এমপিওভুক্ত শিক্ষকদের Delete করবেন।
- ০৯। উপরোক্ত কার্যক্রমটি শুধুমাত্র উল্লিখিত তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

সম্মানিত সকল শিক্ষক

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন

সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অনুলিপি : অবগতি ও কার্যার্থে বিতরণ-

- ০১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০৩। Website কপি।
- ০৪। নোটিশ বোর্ড।


তারিখ: ০৮/০১/২০২০
মোঃ মানিক হোসেন

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

ফোন : ০৫৩১-৫১৮৮১ (অফিস)